দৈনিক বাংলা

তারিখ ১৪।২।৮২

পৃষ্ঠা ... কলাম ...

005

# শিক্ষা অফিসারের বিরুদ্ধে তদন্ত শুরু

(নিজস্ব সংবাদদাতা)

পটুয়াখালী ১৩ই ফেব্রুয়ারী।— প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য ইউনিসেফের বরাদ্দকৃত অর্থ আত্মসাতের অভিযোগে জেলা দুর্নীতি দমন বিভাগ বরগুনা থানা শিক্ষা অফিসারের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে।

প্রকাশ গত বছর ইউনিসেফের সাহায্যে বরগুনা থানার প্রাথমিক বিদ্যালয়গুলোর শতকরা ৩০ ভাগ ছাত্রছাত্রীর মধ্যে বিনামূল্যে পোষাক বিতরণের পরিকল্পনা নেয়া হয়। এরজন্য বরাদ্দ করা হয় ১ লাখ ১৫ হাজার ৫শ টাকা। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত টাকা ব্যয় দেখিয়ে লং-ক্লথের কাপড় দিয়ে ২ হাজার ১শ ২৫ সেট পোষাক তৈরী করেন এবং তা ১০৭টি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বিতরণ করেন। যদিও সরকারী নির্দেশ রয়েছে পপলিন কাপড় দিয়ে পোষাক তৈরির। কর্তৃপক্ষ প্রতিসেট পোষাকের মূল্য দেখিয়েছেন ৫২ টাকা। অথচ বর্তমান বাজার অনুযায়ী উক্ত প্রতিসেট পোষাকের মূল্য ২০/২২ টাকার বেশী হবে না। এভাবে কম পক্ষে ৬৮ হাজার টাকা আত্মসাৎ করা হয়েছে বলে অনুমান করা হচ্ছে।

এব্যাপারে জেলা দুর্নীতি দমন বিভাগ অভিযোগ পেয়ে বরগুনা থানা শিক্ষা অফিসারের বিরুদ্ধে অর্থ আত্মসাতের তদন্ত চালাচ্ছে বলে জানা গেছে।